

স্মারক নম্বর: ৪৬.০০.১২০০.০৪২.৯৯.০৬৬.১৯.২০১৮

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বগুড়া জেলা পরিষদের মালিকানাধীন গাছ নিলামে বিক্রয়ের লক্ষ্যে গঠিত কমিটিতে বন অধিদপ্তরের প্রতিনিধি প্রেরণ।

সূত্র: ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০৪২.০২২.০০.১৬২.২০১১.৩১৭৩, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০১১;

২. জেলা পরিষদ, বগুড়া এর স্মারক ৪৬.০০.১০০০.০০১.৪৯.০০১.২১-৩৭, তারিখ: ১০ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সূত্রস্থ ১ নং স্মারকে জেলা পরিষদের মালিকানাধীন গাছ নিলামে বিক্রয়ের পূর্বে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে গাছের পরিমাণ ও কাঠের মূল্য নির্ধারণের বিষয়টি উল্লেখ রয়েছে (কপি সংযুক্ত):

১.	প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব, সংশ্লিষ্ট জেলা পরিষদ	আহ্বায়ক
২.	জেলা প্রশাসকের প্রতিনিধি	সদস্য
৩.	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা	সদস্য
৪.	বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা	সদস্য

২। বগুড়া-সারিয়াকান্দি সড়ক সম্প্রসারণকল্পে সড়কের উভয় পার্শ্বে বগুড়া জেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন প্রজাতির গাছ কর্তনপূর্বক নিলামে বিক্রয় করা প্রয়োজন। এ লক্ষ্যে উক্ত কমিটিতে বন অধিদপ্তরের উপর্যুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, বগুড়া জেলা পরিষদের সংশ্লিষ্ট কমিটিতে বন অধিদপ্তরের উপর্যুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানপূর্বক উক্ত জেলা পরিষদ-কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২২-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪৬.০০.১২০০.০৪২.৯৯.০৬৬.১৯.২০১৮/১(৭)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ
- ৭) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



২২-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব